



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ
website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বিআরপিডি সার্কুলার নং-০১

১৮ জানুয়ারি ২০২৪

তারিখ: -----

০৪ মাঘ ১৪৩০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

প্রকল্প ঋণ প্রদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যাংকে প্রকল্পের আয় হিসাব (Revenue Account) খোলার বাধ্যবাধকতা প্রসঙ্গে

ব্যাংক কর্তৃক বিভিন্ন খাতে প্রকল্প স্থাপনের উদ্দেশ্যে ঋণ প্রদানের পর উক্ত প্রকল্প হতে প্রাপ্ত আয় বা Sales Proceed দ্বারা সংশ্লিষ্ট প্রকল্প ঋণের অর্থ/কিস্তি পরিশোধ করার নিমিত্ত সংশ্লিষ্ট ব্যাংকে Escrow Account অথবা Revenue Account খোলা হয়ে থাকে।

- সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, কিছু কিছু ঋণগ্রহীতা যে ব্যাংক হতে প্রকল্প ঋণ গ্রহণ করছেন সংশ্লিষ্ট প্রকল্প ঋণের আয় সে ব্যাংকে জমা করছেন না। ফলে একদিকে যেমন ঋণ প্রদানকারী ব্যাংকের ঋণ আদায়ে ঝুঁকি বৃদ্ধি পাচ্ছে, অন্যদিকে ব্যাংক কর্তৃক যথাযথভাবে ঋণ মনিটরিং নিশ্চিত করা সম্ভবপর হচ্ছে না।
- বর্ণিত প্রেক্ষাপটে, ব্যাংক কর্তৃক প্রদত্ত প্রকল্প ঋণ আদায় ঝুঁকিমুক্ত রাখতে এবং ঋণ হিসাবের যথাযথ মনিটরিং নিশ্চিত করণার্থে নিম্নোক্ত নির্দেশনাসমূহ অনুসরণীয় হবে:
 - (ক) প্রকল্প ঋণের ক্ষেত্রে উক্ত প্রকল্পের আয় বা Sales Proceed সংগ্রহ করার জন্য সংশ্লিষ্ট প্রকল্প ঋণ প্রদানকারী ব্যাংকে প্রকল্পের নামে Escrow Account অথবা Revenue Account (যে নামেই অভিহিত হোক না কেন) খুলতে হবে;
 - (খ) সিভিকিটেড ফাইন্যান্সিং এর আওতায় প্রদত্ত প্রকল্প ঋণের ক্ষেত্রে প্রকল্পের আয় বা Sales Proceed সংগ্রহ করার জন্য লীড ব্যাংকে উক্ত Escrow Account অথবা Revenue Account খুলতে হবে;
 - (গ) ঋণ প্রদানকারী ব্যাংক কর্তৃক ঋণ আদায় নিশ্চিতকরণের লক্ষ্যে বর্ণিত হিসাবে প্রকল্পের আয় বা Sales Proceed জমা গ্রহণ তদারকি করতে হবে।
- প্রকল্পের আয় বা Sales Proceed ঋণের বিপরীতে প্রদেয় কিস্তির তুলনায় অধিক হলে উক্ত আয় বা Sales Proceed এর অতিরিক্ত অংশ জমা গ্রহণের জন্য ঋণ প্রদানকারী ব্যাংক বা লীড ব্যাংকের অনাপত্তি গ্রহণ সাপেক্ষে অন্য ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট প্রকল্পের নামে Revenue Account খোলা যাবে।
- ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।
- এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ শাহরিয়ার সিদ্দিকী)

পরিচালক (বিআরপিডি)

ফোন: ৯৫৩০২৫২